

প্রথম দাওয়া

25 JUL 2008

শাহজালাল বিশ্ববিদ্যালয়  
পদার্থবিজ্ঞান বিভাগের  
চার শিক্ষকের দাবি  
মেনে নিয়েছে প্রশাসন

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

শিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আপোলনরত পদার্থবিজ্ঞান বিভাগের চার শিক্ষকের পদোন্নতির দাবি মেনে নিয়েছে প্রশাসন। আগামী ১৪ আগস্ট পদোন্নতি দেওয়ার বাছাই বোর্ড অনুষ্ঠিত হবে বলে উপাচার্য কার্যালয় সূত্র জানিয়েছে।

ক্যাশাম সূত্র জানায়, ৭ জুলাই থেকে পদার্থবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. বদিউজ্জামান ফারুক, ড. মাহফুজা আহমেদ, ড. আবদুল হামিদ ও ড. শাহছুদাহার তাঁদের পদোন্নতির দাবিতে উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান কর্মসূচি পালন করে আসছিলেন। গত মঙ্গলবার পর্যন্ত দাবি না মানায় তাঁরা রেজিস্ট্রার ভবনের প্রধান ফটক অবরোধ করে রাখেন। তাঁদের সঙ্গে যোগ দেন বিএনপি-জামায়াতপন্থী প্রায় ৫০ জন শিক্ষক।

উপাচার্য ড. এম আমিনুল ইসলাম প্রথম আলোকে জানান, মঙ্গলবার সন্ধ্যায় তিনি সিভিকিট সদস্য ও ডিনদের সঙ্গে ছয়টি বৈঠকে দাবি মেনে নিয়ে তাঁদের পদোন্নতি দেওয়ার জন্য আগামী ১৪ আগস্ট বাছাই বোর্ডের সভা করার সিদ্ধান্ত নেন।